

নির্বাচন কমিশন সচিবালয়
আইসি নং- ২৭০০২
তারিখঃ ২১/১২/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

| নির্বাচন কমিশন সচিবালয় (সচিবের দপ্তর) | |
|---|----------------|
| অতিরিক্ত সচিব | ১৫ স্বাক্ষর |
| যুগ্মসচিব (আইন) | |
| যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) | |
| যুগ্মসচিব (নির্বাঃ ও ব্যবঃ-১) | |
| যুগ্মসচিব (নির্বাঃ ও ব্যবঃ-২) | |
| পরিচালক (জনসংযোগ) | |
| একান্ত সচিব | |

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৬
০৯ ডিসেম্বর ২০১৯

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০১০.১৯-৫০৫

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০১৯-২০ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী প্রতি বছরের ন্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০১৯-২০ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। এ সংক্রান্ত নীতিমালাসহ বিস্তারিত তথ্য ims.ictd.gov.bd-তে পাওয়া যাবে।

০২। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০১৯-২০ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করে জারীকৃত বিজ্ঞপ্তি জারি করার মন্ত্রণালয়/বিভাগ এর ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) পাতা।

(মোহাম্মদ আবুল খায়ের)

উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০ (অফিস)

✉ mkhayer@ictd.gov.bd

বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, মোহে বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।

৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব,

৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০১০.১৯-

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৬
০৯ ডিসেম্বর ২০১৯

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

২. সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

(মোহাম্মদ আবুল খায়ের)

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

নম্বর ৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৯৪.১৯.১৫৮

তারিখ ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: আইসিটি ক্ষেত্রে গবেষণার জন্য ২০১৯-২০ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে “হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ” প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী নির্বাচিত ০২ জন ফেলোকে (১ জন পুরুষ ও ১ জন মহিলা) মাসিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।

০২। হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপের যোগ্যতাঃ
বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১ (এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। এছাড়া তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন শেষ হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে কোন সরকারি/বেসরকারি/স্বায়তশাসিত প্রতিষ্ঠানে চাকরি করবেন না বা অন্য কোন প্রতিষ্ঠান হতে ফেলোশিপ/অনুদান গ্রহণ করবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণা প্রদান করতে হবে।

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ নং ৪.১ এবং ১৫)।

০৪। অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়: ০২-০১-২০২০খ্রি. রাত ১২:০০ টা পর্যন্ত।

০৫। নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য ও বিবেচিত হবে না।

০৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন, পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।



৩-১২-২০১৯

মোহাম্মদ আবুল খায়ের

উপসচিব

ফোন: ০২-৫৫০০৬৮৭০

ইমেইল: mkhayer@ictd.gov.bd